ডেকো ডিজাইনস্ লিঃ

নরসিংহপুর,আশুলিয়া, ঢাকা

ঠিকাদার/ অংশীদার প্রতিষ্ঠান নিয়োগ ও পর্যবেক্ষণ নীতিমালা
(Sub-Contrac Recruitment & Monitoring Policy)

ডেকো ডিজাইনস্ লি: ব্যবসার সফলতায় ও প্রতিযোগীতায় টিকে থাকায় দৃঢ় ভাবে বিশ্বাসী। প্রতিযোগীতা পূর্ণ বাজারে টিকে থাকার জন্য,সামাজিক এবং পরিবেশ গত লক্ষ্য অর্জনে আমাদের প্রয়োজন ব্যবসায়িক অংশীদারদের সাথে(ঠিকাদার/চুক্তিভিত্তিক) এক হয়ে কাজ করা যার ফলশ্রুতিতে আমরা অভিষ্ট লক্ষ্যে পৌছাঁতে পারব । তাই আমরা আমাদের নীতিমালা, ক্রেতাদের আচরণ বিধি সকলের সাথে যোগাযোগ করি এবং সকল সামাজিক কার্যক্রম ধারাবাহিক ভাবে পর্যবেক্ষণ করি ।

আমরা ডেকো ডিজাইনস লি: সে সকল অংশীদার প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক সম্পর্ক করি যারা আমাদের আচরণ বিধি ও অংশীদার প্রতিষ্ঠান নিয়োগ নীতিমাল অনুসারে তাদের কার্যাবলী সম্পন্ন করে ।

(Sub-Contractor Recruitment Procedure) ঠিকাদার/ অংশীদার প্রতিষ্ঠান নিয়োগের পদ্ধতি

নিম্ন লিখিত কার্যক্রম উক্ত পদ্ধতির অর্ন্তভুক্ত হবে :

- ✓ কোম্পানীর প্রোডাকশন প্রধান নির্ধারণ করবেন কি পরিমান বা কোন ধরণের কাজ ঠিকাদার/ অংশীদার প্রতিষ্ঠান থেকে করানো প্রয়োজন। প্রোডাকশন প্রধান তার কার্য প্রণালী ঠিকাদার/ অংশীদার প্রতিষ্ঠানকে প্রদান করবেন এবং এর মূল্যায়ণ করার জন্য কিছু বিষয় উত্থাপন করবেন যেমন - প্রয়োজন অনুসারে মেশিনের সহজ প্রাপ্যতা , উৎপাদন ক্ষমতা,দক্ষতার মাপকাঠি,ব্যবস্থাপনা অনুশীলন প্রভৃতি।
- ✓ প্রোডাকশন প্রধান কোয়ালিটির সাথে সম্পর্কিত সকল কাজগুলোকে নির্দিষ্ট করবেন এবং এক বা একাধিক কোয়ালিটি দায়িত্বপ্রাপ্ত কোয়ালিটি কন্ট্রোলার মনোনয়ন করবেন।
- ✓ প্রোকিউরমেন্ট/কর্মাশিয়াল প্রধান নির্ধারিত ঠিকাদার/ অংশীদার প্রতিষ্ঠানের সাথে বাণিজ্যিক চুক্তি করবেন এবং অন্তর্ভূক্ত করবেন অন্যান্য ব্যবসায়িক আর্থিক শর্তাবলী।
- ✓ প্রোকিউরমেন্ট/কর্মাশিয়াল প্রধান মার্কেট জরিপ করে একটি সংক্ষিপ্ত ঠিকাদার/ অংশীদার প্রতিষ্ঠানের তালিকা করবেন।
- ✓ প্রোকিউরমেন্ট /কর্মাশিয়াল প্রধান কম্প্লায়েন্স প্রধান এবং প্রোডাকশন প্রধানের সমন্বয়ে একটি প্রাথমিক চেকলিষ্ট প্রদান করবেন।
- ✓ প্রোকিউরমেন্ট/কর্মাশিয়াল প্রধান প্রোডাকশন প্রধানের সাথে কথা বলে একটি দল গঠন করবেন। কম্প্লায়েন্স এবং প্রোডাকশন টিমের সমন্বয়ে যারা প্রাথমিক ভাবে ঠিকাদার/ অংশীদার প্রতিষ্ঠানের কাজের পরিবেশ,নিরাপত্তা,কার্যপ্রণালী প্রভৃতি মূল্যায়ন করবেন ।
- ✓ উক্ত দল ঠিকাদার/ অংশীদার প্রতিষ্ঠানের মূল্যায়ন করে একটি প্রতিবেদন তৈরি করবে এবং তা প্রোকিউরমেন্ট /কর্মাশিয়াল প্রধানকে পেশ করবে। অবশেষে উক্ত মূল্যায়নের উপর ভিত্তি করে একটি ফলাফল নির্ধারন হবে এবং উক্তদল একটি সুপারিশনামা তৈরি করবে।
- ✓ প্রোকিউরমেন্ট/কর্মাশিয়াল প্রধান নির্ধারিত ঠিকাদার/অংশীদার প্রতিষ্ঠানকে আনুষ্ঠানিক ভাবে চুক্তিতে সই করতে আহ্বান জানাবেন। আনুষ্ঠানিক চুক্তিতে তিনটি (৩) বিষয় থাকবে-----
    - (১) ব্যবসায়িক চুক্তিতে এর মূল্য, ডেলিভারি সময় সূচি এবং অন্যান্য ব্যবসায়িক নিয়ম।
    - (২) ডেকো ডিজাইন্স লিঃ এর সামাজিক নীতিমালায় সম্মতি প্রদান করে লিখিত ভাবে অঙ্গীকারনামা ।
    - (৩) প্রাথমিক মূল্যায়নের যে সংশোধনী কর্ম পরিকল্পনা উত্থাপিত হবে তা একটি নির্ধারিত সময়ের মধ্যে সংশোধন করতে হবে।

প্রোকিউরমেন্ট/কর্মাশিয়াল প্রধান সংশ্লিষ্ট সকল ইনচার্জ এর সাথে প্রোয়জনীয় পদক্ষপ নিয়ে আলোচনা করবেন এবং কাজ চলাকালীন সময়ে ঠিকাদার/অংশীদার প্রতিষ্ঠান পর্যবেক্ষন করা কাজের একটি অংশ হিসাবে বিবেচিত হবে।

কোম্পানীর ঠিকাদার/ অংশীদার প্রতিষ্ঠানের পর্যবেক্ষণ পদ্ধতিতে নিম্নলিখিত কাজগুলি এর অর্ন্তভুক্ত ঃ

- ✓ ডেকো ডিজাইনস্ লিঃ চুক্তিপত্রে স্বাক্ষরের পর ঠিকাদার/অংশীদার প্রতিষ্ঠান পর্যবেক্ষণ করবে এবং ১ বছর অন্তর অন্তর নিয়মিত ধারাবাহিক ভাবে পর্যবেক্ষন অব্যাহত রাখবে এছাড়াও প্রয়োজন বিশেষ নির্দিষ্ট সময়ের পূর্বে পর্যবেক্ষণ করবে ।
- ✓ কম্প্লায়েন্স প্রধান বা তার প্রতিনিধি সংশোধনী কর্ম পরিকল্পনার উপর মূল্যায়ন করবেন।
- ✓ কম্প্লায়েন্স প্রধান বা তার প্রতিনিধি একটি রিপোর্ট প্রস্তুত করবেন তার পর্যবেক্ষণের উপর ভিত্তি করে এবং রিপোর্টটি প্রোকিউরমেন্ট/কর্মাশিয়াল প্রধানকে পাঠাতে হবে।
- ✓ প্রোকিউরমেন্ট/কর্মাশিয়াল প্রধান রিপোর্টটি নিয়ে ঠিকাদার/অংশীদার প্রতিষ্ঠানের প্রোডাকশন প্রধান ,কম্প্লায়েন্স প্রধানের সাথে আলোচনা করবেন এবং অবশেষে এই বিষয়ে সিদ্ধান্ত নিবেন।
- ✓ যদি ফলাফলের মূল্যায়ন ইতিবাচক পাওয়া যায় তবে প্রোকিউরমেন্ট/কর্মাশিয়াল প্রধান ঠিকাদার/অংশীদার প্রতিষ্ঠানকে অভিন্দন জ্ঞাপন করবেন এবং তারা তাদের সাথে ব্যবসা অব্যাহত রাখার অভিমত পোষণ করবেন। যদি পর্যবেক্ষনের ফলাফল কাঙ্খিত মানের না হয় অথবা সংশোধনী কর্মপরিকল্পার বেশির ভাগই সংশোধন না হয় তবে ঠিকাদার/অংশীদার প্রতিষ্ঠানের সাথে বসে পুরো বিষয়টি মিমাংশার জন্য আলোচনা করবেন। যদি ঠিকাদার/অংশীদার প্রতিষ্ঠান প্রতিজ্ঞাবদ্ধ হয়,বিষয়গুলি নিস্পত্তি করবেন তবে প্রোকিউরমেন্ট/কর্মাশিয়াল প্রধান পুনরায় সম্মতি পোষন করে নতুন ভাবে নির্দিষ্ট ভাবে কর্ম পরিকল্পনা নিয়ে আলোচনা করবেন। যদি ঠিকাদার/অংশীদার প্রতিষ্ঠান সম্মত হওয়ার পরেও কম্প্লায়েন্স বিষয়ে সংশোধনী কর্ম পরিকল্পনায় ব্যর্থ হয় তবে প্রোকিউরমেন্ট/কর্মাশিয়াল প্রধান সতর্কীকরণ চিঠি প্রদান করবেন এবং অসমাপ্ত সকল কাজ ৬ মাসের মধ্যে সম্পন্ন করতে ব্যর্থ হলে চুক্তিপত্রটি বাতিল বলে গণ্য হবে ।
- ✓ প্রোকিউরমেন্ট/কর্মাশিয়াল প্রধান এর সাথে সম্পর্কিত সকল সেকশন প্রধানকে এর প্রোয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য বলবেন এবং পুনরায় তাদেরকে পর্যবেক্ষণ করতে বলবেন ।
- ✓ প্রোকিউরমেন্ট /কর্মাশিয়াল বিভাগ সুপারিশনামা সহ পুরো কার্যক্রমটি ক্রেতাকে অবগত করবেন ।
- ✓ ক্রেতার পক্ষ থেকে কোন দ্বিমত পোষন না হলে অংশীদার প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক সম্পর্ক তৈরি হবে । অন্যথায় পরবর্তী কার্যক্রমে অগ্রসর হওয়া হবে না ।
- ✓ অংশীদার প্রতিষ্ঠান কোন অবস্থাতেই কোন উপ অংশীদার প্রতিষ্ঠান নিয়োগ করতে পারবে না ।

নিম্নলিখিত বিষয়ের উপর ঝুকি নুরুপন করে অংশীদার প্রতিষ্ঠান মূল্যায়নের মান দন্ড নির্ধারণ করা হয় ঃ

- ✓ শ্রমিকের ভাষা ও কর্ম পরিচালনা বা ম্যানেজমেন্ট এর ভাষার সামঞ্জস্যতা
- ✓ স্থানীয় শ্রমিক ও বহিরাগত শ্রমিকের ঝুকি পর্যবেক্ষণ
- ✓ অস্থায়ী শ্রমিক ও অস্থায়ী শ্রমিকের ঝুঁকি পর্যবেক্ষণ
- ✓ উৎপাদিত পণ্যো ঝুকি নিরূপণ

প্রোয়োজনীয় সামাজিক মূল্যায়নের নূন্যতম বিষয়াবলী ঃ

- ✓ শিশু শ্রম মুক্ত কর্মপরিবেশ
- ✓ বন্দী শ্রম মুক্ত কর্ম পরিবেশ
- ✓ বৈষম্য হীন সুবিধা (জাতি-বর্ণ, ধর্ম-গোত্র, বৈবাহিক অবস্থা, গর্ভকালীন অবস্থা, আঞ্চলিক প্রভাব, রাজনৈতিক প্রভাব বিবেচনা না করে শুধুমাত্র কর্মদক্ষতার উপর ভিত্তি করে মুজুরী ,চাকুরী, প্রমোশন বেতন বৃদ্ধি নির্ধারন করা ।)
- ✓ হয়রানী ,জবরদস্তি মূলক শ্রম মুক্ত পরিবেশ এবং অভিযোগ পদ্ধতি ।
- ✓ নূন্যতম মুজুরী
- ✓ ভবনের অবস্থা ও নিরাপত্তা
- ✓ আলোক ব্যবস্থা, তাপমাত্রা, শব্দ,বাতাস প্রবাহের অবস্থা
- ✓ বর্হিগমন পথের সংখ্যা , বাঁধা মুক্ত পথ
- ✓ অগ্নি নির্বাপন সামগ্রীর ব্যবস্থা
- ✓ অগ্নি মহরা ,অগ্নি নির্বাপন প্রশিক্ষণ
- ✓ বিশুদ্ধ পানি, প্রথমিক চিকিৎসা, নিকটস্থ মেডিকেল সুবিধার ব্যবস্থা
- ✓ মেশিন নিরাপত্তা
- ✓ বৈদ্যুতিক নিরাপত্তা
- ✓ বয়লার নিরাপত্তা
- ✓ ব্যাক্তিগত নিরাপত্তা সামগ্রী ব্যবহার
- ✓ এছাড়া আরো কিছু বিষয় : যেমন –টয়লেট ,কাজের সময়/ টাইম কার্ড,অতিরিক্ত কাজের হিসাব প্রভৃতি ।

- ✓ **পরিবেশ নিরাপত্তা বিষয়াবলী:** ডেকো ডিজাইনস্ লি: সরকার কর্তৃক নির্ধারিত পরিবেশ সম্পর্কিত সকল কার্যাদি সম্পন্নকরতে দৃঢ় প্রতিজ্ঞ । আমরা পরিবেশের ভারসাম্য রক্ষায় পরিবেশ বান্ধব উৎপাদন ,পানি শোধন এবং এর সম্পর্কিত সকল কাজ মান সম্পন্ন ভাবে করি সাথে সাথে আমাদের সাথে সম্পর্কিত সকল ঠিকাদার/অংশিদার প্রতিষ্ঠানকে সেই অনুযায়ী গুরত্ব প্রদান করি । ডেকো ডিজাইনস্ লি: এর পরিবেশ নীতিমালা আমরা সকল ঠিকাদার/অংশিদার প্রতিষ্ঠানকে প্রদান করি ও এই নীতিমালার সাথে সম্পর্কিত সকল কার্যাদি সকলকে সম্পন্ন করতে বলি ।

অংশীদার প্রতিষ্ঠান তাদের ব্যবসায়িক কার্যক্রমে স্বচ্ছ থাকবেন ও সকল তথ্য নির্ভূল ভাবে উপস্থাপন করতে হবে । সাথে সাথে আমরা প্রত্যাশা করি যে, আমাদের অংশীদার প্রতিষ্ঠান ক্রেতাদের সাথে আমাদের ব্যবসায়িক সম্পর্ক ব্যাহত করার কোন কার্যকলাপ করবেন না । তারা এই নীতিমালার প্রতি পূর্ণ স্বচ্ছতা প্রদর্শন করবেন ।

অংশীদার প্রতিষ্ঠান পর্যবেক্ষণ পদ্ধতি

অংশীদার প্রতিষ্ঠান নিয়োগের পর তারা ডেকো ডিজাইনস্ লিঃ এর অংশীদার প্রতিষ্ঠান নিয়োগ ও পর্যবেক্ষণ নীতিমালা অনুসরণ করেন কিনা তা পর্যক্ষেণ করা হয় । কমপক্ষে উক্ত প্রতিষ্ঠানকে বছরে ১ বার মূল্যায়ন করা হয় ।

অংশীদার প্রতিষ্ঠান পর্যবেক্ষণ ফলাফল পদ্ধতি

অংশীদার প্রতিষ্ঠানের পর্যবেক্ষণের উপর তাদের মূল্যায়ন করা হয় । চারটি ধাপে মূল্যায়ন করা হয় । গ্রিন, অরেঞ্জ, ইয়োলো, রেড ।

যে সকল প্রতিষ্ঠান গ্রিন, অরেঞ্জ, ইয়োলো শ্রেণীতে পরবে সেসকল প্রতিষ্ঠানে বছরে কমপক্ষে ১ বার পর্যবেক্ষণ করা হবে । প্রয়োজনে একাধিকবার পর্যবেক্ষনও করা হতে পারে। রেড শ্রেণীধীন অংশীদার প্রতিষ্ঠানকে ৬ মাসের সময় প্রদান করা হবে উক্ত বিষয়ে সংশোধনী পরিকল্পনা করার জন্য ও সে অনুযায়ী সকল কাজ বাস্তবায়ন করার জন্য । যদি উক্ত প্রতিষ্ঠান সংশোধনী পরিকল্পনা অনুযায়ী কাজ করতে ব্যর্থ হয় তাহলে সে সকল প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা হবে না ।

গ্রীন (Green) ঃ যেসকল প্রতিষ্ঠানের সোসাল কম্প্লায়েন্স এর চাহিদা যেমন- মুজুরি , নিরাপত্তা সংক্রান্ত বিষয়াদি ও প্রতিষ্ঠানের মান সন্তোষ জনক হয় তাহলে উক্ত প্রতিষ্ঠান গ্রিন হিসেবে বিবেচিত হবে ।

অরেঞ্জ(Orange) ঃ সোসাল ককম্প্লায়েন্স এর লঘু বিষয় সমূহে ১০ এর কম পর্যবেক্ষণ বিষয় থাকলে অংশীদার প্রতিষ্ঠান উক্ত শ্রেণীতে পরবে ।

ইয়োলো (Yeallow) ঃ সোসাল ককম্প্লায়েন্স এর লঘু বিষয় সমূহে ১০ অধিক পর্যবেক্ষণ বিষয় থাকলে অংশীদার প্রতিষ্ঠান উক্ত শ্রেণীতে পরবে ।

রেড (Red) ঃ ভবন নির্মানে জীবন ঝুঁকি ,অগ্নি ঝুঁকি, শিশু শ্রম, বল পূর্বক শ্রম, বন্দী শ্রম, হয়রানী মূলক আচরণ, সংগঠনের স্বাধীনতা ব্যক্তয় , নূন্যতম মুজুরী ব্যক্ত্যয় , অতিরিক্ত কাজের ভাতা প্রদানে ব্যাক্তয় উক্ত বিষয় পরিলক্ষিত হলে সেসকল অংশীদার প্রতিষ্ঠান "রেড" শ্রেণীতে পরবে ।

অংশীদার প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম ও মূল্যায়নের প্রতিবেদন ক্রেতার চাহিদা অনুযায়ী জানানো হবে ও সাথে সাথে নীতমালা অনুয্য়ী সকল কাজ সম্পন্ন করা হবে ।

উপরোক্ত নীতিমালা দেশের প্রচলিত আইন/ কোম্পানী আইন/ স্থানীয় আইন/ আন্তর্জাতিক আইন/ অনুসারে পরিচালিত হবে এবং এর কোন সংশোধন/ পরিমার্জন/ পরিবর্ধন হলে তা এর আওতাভুক্ত হবে ও পূর্বের বিষয়টি সংশোধিত হবে।
অনুমোদন কারী ঃ কল্পন এস হোসাইন
প্রস্তুতকারী ঃ কম্প্লায়েন্স বিভাগ
নীতিমালা কার্যকরের তারিখ ঃ ২৪/০৫/২০১০
পুনঃমূল্যায়ন ঃ বছরে একবার
সর্বশেষ পুনঃমূল্যায়ণ ঃ ১১/০৯/২০১৭